

লালপুর উপজেলার ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর।
 স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, লালপুর, নাটোর।
 তারিখ: : ১৪/০৮/২০২৩
 সময় : বেলা: ১১.৩০ টা।
 উপস্থিত সদস্য : পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রকাশিত “ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা-২০২১” বিষয়ে সভায় উপস্থিত সকলকে অবহিত করেন। ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধের লক্ষ্যে উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে কমিটি গঠন এবং কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় সভাপতি সকল পর্যায়ে কমিটি গঠন এবং কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে জরুরি পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন এবং ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা তৈরির কার্যক্রমকে সামাজিক আন্দোলনে রূপ দিতে সকলের সহযোগিতা কামনা করেন। উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, লালপুর, নাটোর জানান যে, ঢাকাসহ সারা দেশে ডেঙ্গুর প্রাদুর্ভাব তুলোনামূলকভাবে বৃদ্ধি পেয়েছে। ডেঙ্গুসহ অন্যান্য মশাবাহিত রোগে মানুষ আক্রান্ত হচ্ছে এবং অনেক ক্ষেত্রে মৃত্যুবরণ পর্যন্ত করছে, তাই এ বিষয়ে সরকারের নির্দেশনা অনুযায়ী আশু পদক্ষেপ গ্রহণ প্রয়োজন। অতঃপর বিস্তারিত আলোচনা নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র.নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	(ক) পৌরসভার মেয়রকে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধের জন্য কমিটি গঠনসহ মশক নিধনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। অনুরূপভাবে প্রতিটি ইউনিয়নে কমিটি গঠন করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হলো। (খ) “ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা-২০২১” অনুযায়ী ডেঙ্গুমশা নিধনে কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে।	মেয়র, গোপালপুর পৌরসভা ও চেয়ারম্যান সকল ইউপি
০২	(ক) সরকারি-বেসরকারি সকল দপ্তর/সংস্থা, ব্যবস্থা প্রতিষ্ঠান, পেশাজীবী সংগঠন, সামাজিক সংগঠন, যুব সংগঠন, শ্রমিক সংগঠন ও সর্বস্তরের জনসাধারণকে ‘পরিচ্ছন্নতা ও মশক নিধন কার্যক্রম গ্রহণের অনুরোধ করা হলো।	সকল দপ্তর/অফিসের প্রধানগণ
০৩	পরিচ্ছন্নতা চর্চার ওপর জনসচেতনতা সৃষ্টির জন্য মসজিদের ইমাম, মন্দিরের পুরোহিত ও অন্যান্য ধর্মের নেতাদের সম্পৃক্ত করে মশক নিধনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন ও স্ব স্ব ধর্মীয় প্রতিষ্ঠানের পুরোহিতগণ।
০৪	(ক) উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে ব্যবস্থা বিষয়ে শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা বৃদ্ধিমূলক/অবহিতকরণ সভা/সেমিনার/প্রশিক্ষণ ইত্যাদির আয়োজন করতে হবে এবং লিফলেট বিতরণ করতে হবে। (খ) সকল শিক্ষা প্রতিষ্ঠানের আঞ্জিনার চারপাশের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি, শিক্ষক ও শিক্ষার্থীদের সমন্বয়ে প্রচরণার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালপুর, নাটোর।
০৫	সরকারের বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের সময় প্রকল্প এলাকায় পানি জমে যাতে মশকের বংশবিস্তার না ঘটে তা নিশ্চিত করতে হবে।	উপজেলা প্রকৌশলী এলজিইডি, লালপুর, নাটোর।
০৬	সকল সরকারি/বেসরকারি হাসপাতাল/ ক্লিনিক/ডায়াগনিস্টিক সেন্টারে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে মশক নিধন কার্যক্রম পরিচালনা এবং এডিস মগার প্রজন্মস্থল বিনষ্টে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগে আক্রান্ত রোগীর চিকিৎসার দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, লালপুর, নাটোর এবং বেসরকারি ক্লিনিকের প্রধানগণ।
০৭	(ক) ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জনসাধারণকে সচেতন করার জন্য ব্যাপক মাইকিং করা ও লিফলেট বিতরণ করতে হবে। (খ) ডেঙ্গু মশার Hot Spot গুলোতে মশক/লার্ভা নিধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মেয়র গোপালপুর পৌরসভা/চেয়ারম্যান (ইউনিয়ন পরিষদ সকল)/উপজেলা তথ্য

		অফিসার, লালপুর, নাটোর।
০৮	উপজেলার সকল কৃষি জমিতে স্থির পানিতে দেশি প্রজাতির মাছ (পুঁটি,টাকি,শোল, তেলাপিয়া, কৈ ইত্যাদি) চাষের জন্য কৃষি/মৎস্য বিভাগের মাধ্যমে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হলো।	উপজেলা কৃষি অফিসার/উপজেলা মৎস্য অফিসার, লালপুর, নাটোর।
০৯	ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে সরকারি নির্দেশনা কেউ অমান্য করলে তার বিরুদ্ধে প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনা, লালপুর, নাটোর।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

Shamima
28/06/2020

(শামীমা সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
লালপুর, নাটোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালপুর, নাটোর
lalpur.natore.gov.bd

স্মারক নং: ০৫.৪৩.৬৯৪৪.০০০.২৯.০৪৫.২৩-৭৪০

তারিখ: ৩০ শ্রাবণ, ১৪৩০
১৪ আগস্ট, ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০২। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৩। জেলা প্রশাসক, নাটোর।
- ০৪। পুলিশ সুপার, নাটোর।
- ০৫। সহকারী কমিশনার (ভূমি), লালপুর, নাটোর।
- ০৬। মেয়র, গোপালপুর পৌরসভা, লালপুর, নাটোর।
- ০৭। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), লালপুর, নাটোর।
- ০৮। কর্মকর্তা, লালপুর, নাটোর।
- ০৯। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, লালপুর, নাটোর।
- ১০। অফিস নথি।

Shamima
28/06/2020

(শামীমা সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
লালপুর, নাটোর
টেলিফোন নম্বর-০২৫৮৮৮-৭৫৪০১
মোবাইল নম্বর-০১৭৬২-৬৯২১১১
e-mail:unolalpur@mopa.gov.bd